

সমাজসেবায়



“মুক্তিপত্রের সফলতা, যারই পাশেই সফল জাতা”

২ জাতিয় সমাজসেবা দিবসে বর্ণাঢ্য ব্যাচি

জেলা প্রশাসন, জেলা সমাজসেবা কার্যালয় ও নিবন্ধিত খেচরসেবী সংগঠনসমূহ, খুলনা।

সমাজসেবা দিবস উপলক্ষে গতকল সকালে খুলনা সিটি মেয়রের নেতৃত্বে মহানগরীতে বর্ণাঢ্য গোভাষাত্রা বের করা হয়।

ভাতা পাচ্ছেন ২ লাখ মানুষ

নানা আয়োজনে জাতীয় সমাজসেবা দিবস উপযাপন

নিজস্ব প্রতিবেদক, খুলনা

খুলনা সিটি করপোরেশনের মেয়র তালুকদার আব্দুল খালেক বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রতিবেদী, বয়স্ক, বিধবা, মুক্তিযোদ্ধা, স্বামী থেকে বিচ্ছিন্ন নারী, মাতৃহকালীন ভাতাসহ বিভিন্ন ভাতা প্রচলন করেন। সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মাধ্যমে ২২টির বেশি ভাতার কার্যক্রম পরিচালিত হচ্ছে। খুলনা জেলা সমাজসেবা কার্যালয় থেকে সামাজিক নিরাপত্তা বেষ্টমারী আওতায় প্রায় দুই লাখ মানুষ ভাতা পাচ্ছেন।

মুজিব বর্ষের সফলতা, যারই পাশেই সফল জাতা’ এই প্রতিপাদ্য নিয়ে গতকল রোববার খুলনা অফিসার্স ক্লাব মিলনায়তনে সমাজসেবা দিবস উপলক্ষে আয়োজিত সভা ও ঢেক বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি, বক্তৃতায় সিটি মেয়র এ কথা বলেন।

মেয়র খালেক আরও বলেন, কাউকে পেছনে ফেল দেশের কাজে উন্নয়ন সম্ভব নয়। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মুক্তিযুদ্ধে বাংলাদেশের পুনর্গঠনের ঊর্ধ্বতন

অন্যদিক সুবিধা বিধিত, হতদরিদ্র মানুষের উন্নয়নকে অগ্রাধিকার গ্রহণ করে। জাতির পিতার আদর্শ অনুসরণ করে প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশের দারিদ্র মানবের কল্যাণে কাজ করে যাচ্ছেন। এতে করে একদিকে যেমন দেশের প্রবৃদ্ধি বাড়াচ্ছে, তেমন দেশের অর্থনৈতিক অবস্থারও উন্নত হচ্ছে।

খুলনার অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মো. ইউসুফ আলীর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তৃতা করেন, খুলনার অতিরিক্ত বিভাগীয় কারিশনার মো. আব্দুর রশীদ ও বীর মুক্তিযোদ্ধা মো. আলমগীর করিম। অনুষ্ঠানে ঋণাত বক্তব্য দেন খুলনা জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক খান মোতাহার হোসেন। খুলনা জেলা প্রশাসন ও খুলনা জেলা সমাজসেবা কার্যালয়ের যৌথভাবে এই অনুষ্ঠানের আয়োজন করে।

অনুষ্ঠানে কাননান, কিডনি, লিভার সিরোসিস, স্ট্রোকে পক্ষাঘাত, জন্মগত হৃদরোগ ও থ্যালাসেমিয়া ১০১ রোগীর মাঝে ৫০ লাখ ৫০ হাজার টাকার আর্থিক সহায়তার ঢেক বিতরণ করেন

মেয়র তালুকদার আব্দুল খালেক। সভায় জানানো হয়, খুলনা জেলা সমাজসেবা কার্যালয় থেকে বর্ণাঢ্য ব্যাচি নিরাপত্তা বেষ্টমারী আওতায় এক লাখ আট হাজার ৪৬২ জনকে বয়স্ক ভাতা, ৪৭ হাজার ৮৭৩ জনকে বিধবা ও স্বামী নিগৃহীত ভাতা এবং ৩৪ হাজার ৫৭৬ জনকে অপস্ফল প্রবেদী ভাতাসহ মোট এক লাখ ৯০ হাজার ৯৩১ জনকে জিউজি পদ্ধতির মাধ্যমে সেরাইলে এই ভাতা দেওয়া হচ্ছে। এ ছাড়া কাননান, কিডনি, লিভার সিরোসিস, স্ট্রোকে পক্ষাঘাত ও থ্যালাসেমিয়া রোগীদের আর্থিক সহায়তার জন্য এ পর্যন্ত দুই হাজার ৪১ জনকে দশ কোটি ২২ লাখ টাকা দেওয়া হয়েছে।

এর আগে খুলনা সিটি মেয়রের নেতৃত্বে নগরীর শহীদ হাদিস পার্ক থেকে একটি বর্ণাঢ্য গোভাষাত্রা বের হয়ে বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে অফিসার্স ক্লাবে এসে শেষ হয়। গোভাষাত্রায় নগরীর বিভিন্ন এলাকার মানুষ অংশ নেন। এদিকে কয়লা, পাইকগাছা, ডুমুরিয়া ও রূপায় নানা আয়োজনে সমাজসেবা দিবস উপযাপন করা হয়েছে।